

তারিখ: ০৩ নভেম্বর, ২০২৫

স্মারক নং: ববি/রেজি/অবি/২০২৫/১৬৯


অফিস বিজ্ঞপ্তি

পরীক্ষার আচরণবিধি (Examination Code of Conduct)

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃঙ্খলা ভঙ্গের জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হবে:

- **সংশ্লিষ্ট কোর্স বাতিল:** কোন পরীক্ষার্থীর নিকট পরীক্ষায় নকল করার মত কোন জিনিস (যেমন-নকলের কাগজপত্র, নকল মজুদ রাখার ইলেকট্রনিক যন্ত্র, লিখিত স্ক্রল, ডেস্কে লেখা ও অন্যান্য) পাওয়া গেলে তার সংশ্লিষ্ট কোর্সটি বাতিল করা হবে।
- **শৃঙ্খলা কমিটিতে প্রেরণের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ:**
 - পরীক্ষার কক্ষে বিশৃঙ্খলা সৃষ্টি করলে
 - পরীক্ষকের সাথে আপত্তিকর ভাষা/বাক্য বিনিময়/ভীতি প্রদর্শন/উগ্র আচরণ করলে
 - অন্য পরীক্ষার্থীর সাথে উত্তরপত্র বিনিময় করলে
 - পরীক্ষার কক্ষ হতে খাতা বাইরে নিয়ে গেলে, খাতা ছিড়ে ফেললে
- **সংশ্লিষ্ট সেমিস্টারের জন্য বহিষ্কার:** কোন পরীক্ষার্থীর নিকট কোন জাল/নকল নথি (যেমন: প্রবেশপত্র, পে-স্লিপ ইত্যাদি) পাওয়া গেলে তাকে এক (১) সেমিস্টারের জন্য বহিষ্কার করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,


 লে. কর্ণেল মোহাম্মদ খালেদ বিন ইউসুফ (অবঃ)
 রেজিস্ট্রার

সদয় অবগতির জন্য:

১. মাননীয় উপাচার্য, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
- প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:
২. সকল বিভাগ: বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, শিক্ষক, প্রোগ্রাম অফিস, নোটিশ বোর্ড, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৩. সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি